154

ভোরের কাগজ

তারিখ ... 2.0 APR 1998...
পৃষ্ঠা ৭ কলাম ২

# ফেনীতে বিক্রি হওয়া প্রশ্নের সঙ্গে প্রকৃত প্রশ্নপত্রের হুবহু মিল

ফেনী প্রতিনিধি : গত শনিবার রাতে বিক্রি হওয়া বাংলা প্রথম পত্রের প্রশ্নপত্র গতকালের পরীক্ষার প্রশ্নপত্রের সঙ্গে হুবহু মিলে গেছে। ফেনীতে এসএসসি পরীক্ষার বাংলা দ্বিতীয় পত্রের হাতে লেখা প্রশ্নপত্র ব্যাপভাবে বিক্রি হচ্ছে। শহরের ফটোস্ট্যাট মেশিনগুলোতে হাতে লেখা প্রশ্নপত্রের কপি করে বিক্রি করা হচ্ছে।

রোববার রাত ৯টায় গোয়েন্দা পুলিশ তৎপর হলে ফটোস্ট্যাট দোকানগুলো বন্ধ হয়ে যায়। এসময় শত শত পরীক্ষার্থী ও তাদের অভিভাবকগণ দলে দলে প্রশ্নপত্র খুঁজতে এবং জটলা করতে দেখা যায়।

শনিবার রাতে প্রশ্নপত্রের হাতে লেখা কপি নিয়ে স্টেশন রোড ও কলেজ রোডে একদফা হাতাহাতি হয়েছে বলে জানা গেছে।